স্মারক নং-২৭.২১.০০০০.২০২.১১.০০১.২৫.১৮৯১, তারিখ: ২২/০৪/২০২৫ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি-এ কেয়ার টেকার পদে অপেক্ষমাণ তালিকা হতে নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীকে চূড়ান্তভাবে নিয়োগের জন্য নির্বাচন করা হয়েছে:

ক্র. নং	পদের নাম	রোল নম্বর
১.	কেয়ার টেকার	16000020 = ০১ জন

শর্তাবলি:

১. নিয়োগের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্র তার বর্তমান/যোগাযোগের ঠিকানায় যথাশীঘ্র প্রেরণ করা হবে।

২. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে আগামী ২৫/১০/২০২৬ তারিখ সকাল ৯:০০টায় মহাব্যবস্থাপক (পিএন্ডএ) বরাবর পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, গ্রিড ভবন, এভিনিউ-০৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২ ঠিকানায় যোগদান করতে হবে।

৩. যোগদানের সময় এ নিয়োগের বিপরীতে ইস্যুকৃত লিখিত পরীক্ষার এডমিট কার্ড, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, নিয়োগপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে ও নিয়োগপত্রের স্বাক্ষরকৃত অনুলিপি জমা দিতে হবে।

৪. যোগদানের সময় রেজিস্টার্ড চিকিৎসক (এমবিবিএস) কর্তৃক প্রদত্ত শারীরিক ও মানসিক উপযুক্ততা সংক্রান্ত মূল সনদ (CBC, Hemoglobin, Total RBC, Total WBC, Chest X-ray, ECG, Urine analysis টেস্ট রিপোর্টসহ) এবং ডোপ টেস্ট এর প্রতিবেদন দাখিল করতে হবে।

৫. প্রার্থী চাকুরিরত থাকলে নিজ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র যোগদানের সময় জমা দিতে হবে, অন্যথায় যোগদান গৃহীত হবে না।

৬. পুলিশ ভেরিফিকেশনের লক্ষ্যে যোগদানের সময় নির্ধারিত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম (সংযুক্ত) পূরণ করে জমা দিতে হবে।

৭. নির্ধারিত তারিখে উল্লিখিত প্রার্থী যোগদান না করলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২২.১০.২০২৫
Md. Asaduzzaman Chowdhury
Deputy Manager
Performance, HRM,
Power Grid Bangladesh, Dhaka

২২/১০/২৫
Md. Abdur Razzaque
Manager (Performance, HRM)
Power Grid Bangladesh PLC

২২.১০.২০২৫
Md. Saidur Rahman
DGM (HRM), Power Grid

২২.১০.২০২৫
Mohammad Ataul Karim
General Manager (P&A)
Power Grid Bangladesh PLC

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম

সমস্ত দফাগুলির সঠিক উত্তর লিপিবদ্ধ করার জন্য একজন দায়িত্বশীল অফিসার দরখাস্তকারীকে যথাযথভাবে প্রশ্ন করবেন। কারণ কোন কিছু বাদ গেলে দেরী হওয়ার সম্ভাবনা থাকতে পারে ও পরিচিতির ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে।

প্রার্থী যে পদে নিযুক্ত/নিযুক্ত হবেন সেই পদের নাম:

প্রথম ভাগ (প্রার্থী নিজে পুরণ করিবেন)

১। **ডাক নাম থাকলে তৎসহ পুরা নাম (স্পষ্টাক্ষরে) ও জাতীয়তা:**

২। **পিতার পুরা নাম ও চাকুরীতে থাকলে পদের নাম এবং জাতীয়তা:**

৩। **স্থায়ী ঠিকানা (অর্থাৎ গ্রাম, ডাকঘর, থানা ও জেলা):**

৪। **বর্তমান বাসস্থানের ঠিকানা ও যোগাযোগ নম্বর:**

৫। **প্রার্থী যেইসব স্থানে বিগত পাঁচ বছরে, ছয় মাসের অধিক অবস্থান করেছেন সেইসব স্থানের ঠিকানা:**

ঠিকানা	তারিখ হইতে	তারিখ পর্যন্ত

৬। **জন্ম তারিখ (প্রার্থী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে উক্ত সার্টিফিকেট এর বয়স লিখতে হবে):**

৭। **জন্ম স্থান গ্রাম, ডাকঘর, থানা, উপজেলা/জেলা ইত্যাদি উল্লেখ করতে হবে:**

৮। **প্রার্থীর পনের বছর হতে যেসব বিদ্যালয় ও মহাবিদ্যালয় এ অধ্যয়ন করেছেন, সেই সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বছর উল্লেখপূর্বক শিক্ষাগত যোগ্যতাঃ**

উত্তীর্ণ পরীক্ষা সমূহের নাম	বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম	রোল নং	উত্তীর্ণ হওয়ার সন	অর্জনকৃত বিভাগ/শ্রেণী

প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৯। **অফিসে বা ব্যবসায় প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকুরী করে থাকলে তাঁর পূর্ণ বিবরণ ও ঠিকানা এবং সেইগুলি পরিত্যাগের কারণ:**

অফিস/ব্যবসায় প্রতিষ্ঠান	তারিখ হইতে	তারিখ পর্যন্ত	পরিত্যাগের কারণ

মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে তাঁর পিতা বা মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং প্রধান পৃষ্ঠপোষক ও প্রধান উপদেষ্টা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যায়ন পত্র সঙ্গে দিতে হবে।

মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে তিনি যে মুক্তিযোদ্ধার সন্তান এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওর্য়াড কমিশনার কর্তৃক প্রত্যায়ন পত্র সঙ্গে দিতে হবে।

বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকুরী করে থাকলে অব্যাহতি সার্টিফিকেট ও চাকুরীর মেয়াদে তিনি কি কি দায়িত্ব পালন করেছেন এবং চরিত্র ও আচার ব্যবহার সম্পর্কিত রির্পোটের সংশ্লিষ্ট বিবরণ উল্লেখ্য করতে হবে।

বাংলাদেশ স্বাধীনতা সংগ্রামের মুক্তিযোদ্ধা হিসেবে কোন প্রার্থী পূর্বে কাজ করে থাকলে এই মর্মে উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট সঙ্গে দিতে হবে।

টিকা: সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সুস্পষ্ট হতে হবে যে উল্লিখিত ভূতপূর্ব সামরিক বাহিনী কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট এবং ভূতপূর্ব মুক্তিযোদ্ধাদের সার্টিফিকেট সন্তোষজনক।

১০। **ফৌজদারী রাজনৈতিক বা অন্য কোন মামলায় গ্রেফতার, অভিযুক্ত বা দন্ডিত এবং নজরবন্দী বা বহিস্কার হয়েছেন কিনা, হয়ে থাকলে তারিখসহ পূর্ণ বিবরণ দিতে হবে:**

১১। **নিকট আত্মীয়-স্বজনের কেও অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শ্বশুরের দিকের আত্নীয় স্বজন বাংলাদেশ সরকারের চাকুরীতে নিযুক্ত থাকলে, পদের নাম ও কর্মস্থান উল্লেখপূর্বক বিবরণ:**

আত্মীয় স্বজনের নাম	পদের নাম	কর্মস্থান

১২। প্রার্থীর স্থায়ী ঠিকানা (হালনাগাদ) ইউনিয়ন/পৌর/সিটি কর্পোরেশন কর্তৃক চারিত্রিক সার্টিফিকেট এর সঙ্গে দিতে হবে।

১৩। **প্রার্থীর চরিত্র ও পূর্ব পরিচয়ের সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর সাথে আত্বীয়তার সূত্রে আবদ্ধ নন এমন দুই ব্যক্তির ঠিকানাসহ নাম (সংসদ সদস্য, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সিনিয়র লেকচারার ও বেসরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ):**

নাম	ঠিকানা

১৪। **বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হইলে বা বিবাহের প্রস্তাব থাকিলে কাহাকে বিবাহ করা হইয়াছে বা বিবাহ করার প্রস্তাব রহিয়াছে তাহার জাতীয়তা উল্লেখ করিতে হইবে):**

আমি শপথ পূর্বক বলিতেছি যে, উপরে প্রদত্ত বিবরণসমূহ আমার জানামতে সঠিক।

.....
প্রার্থীর স্বাক্ষর

.....
দপ্তর প্রধানের সীল ও স্বাক্ষর

.....

দ্বিতীয় **ভাগ**

(জেলা স্পেশাল পুলিশ সুপারিনটেনডেন্ট/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পূরণ করবেন)

.....

আবেদনকারী মুক্তিযোদ্ধার/মহিলা মুক্তিযোদ্ধার সন্তান/সন্তান নয়

উপযুক্ত

নিম্নোক্ত কারণের জন্য অনুপযুক্তঃ

স্থানঃ-

তারিখঃ-

.....
পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা স্পেশাল ব্রাঞ্চ/ডেপুটি
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।

টিকাঃ প্রত্যায়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চ এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ জবাবসহ ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরত পাঠাইবেন।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোন তথ্য পাওয়া যায় তাহা হইলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট ফেরত পাঠাইবেন।

প্রতি স্বাক্ষরিত.....
ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।

সংযুক্তিঃ

১। স্থায়ী ঠিকানার স্বপক্ষে নাগরিকত্ব সনদ।

২। চারিত্রিক সনদপত্র।

৩। শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র।

৪। জাতীয় পরিচয় পত্র।

৫। বিবাহিত হলে সংশ্লিষ্ট প্রমাণক পত্র।

৬। কোটার (মুক্তিযোদ্ধা/উপজাতী) স্বপক্ষে প্রমাণক পত্র।